

বাংলাদেশ দূতাবাস
এথেন্স, গ্রীস

প্রেস বিজ্ঞপ্তি

এথেন্স, ১৭ মার্চ ২০১৭

এথেন্সে ঐতিহাসিক মুজিবনগর দিবস পালিত

গ্রীসে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে যথাযথ মর্যাদায় ঐতিহাসিক মুজিবনগর দিবস পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে দূতাবাস প্রাঙ্গণে আজ ১৭ই এপ্রিল ২০১৭ বিশেষ কর্মসূচীর আয়োজন করা হয়। এই আয়োজনে বাংলাদেশ কমিউনিটি ইন গ্রীস, গ্রীসে বসবাসরত প্রবাসী বাংলাদেশিদের বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, ব্যবসায়ী এবং আঞ্চলিক সংগঠনের নেতৃবৃন্দসহ সর্বস্তরের প্রবাসী বাংলাদেশিগণ উপস্থিত ছিলেন। দিবসটির তাৎপর্যের উপর বিশেষ প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়। এরপর দিবসটি উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রেরিত বাণীসমূহ পাঠ করেন দূতাবাসের কর্মকর্তারা। বাণী পাঠের পরে ঐতিহাসিক মুজিবনগর দিবসের উপর আলোচনা অনুষ্ঠিত হয়।

আলোচনা কালে গ্রীসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোঃ জসীম উদ্দিন বাংলাদেশের অভ্যুদয়ে ১৭ এপ্রিল ১৯৭১, মুজিবনগর দিবসের তাৎপর্যের কথা তুলে ধরেন। তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক নেতৃত্বের কথা স্মরণ করেন। রাষ্ট্রদূত মুজিবনগর সরকারের তাৎপর্যের কথা উল্লেখ করে বলেন, মুজিবনগর সরকার মুক্তিযুদ্ধের নেতৃত্ব প্রদান এবং বিভিন্ন দেশের সরকারের সাথে প্রয়োজনীয় যোগাযোগ রক্ষা করে সময়োপযোগী, সাহসী এবং প্রজ্ঞাবান নেতৃত্ব প্রদান করে। তিনি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের উত্তরোত্তর অগ্রগতির প্রসঙ্গ উল্লেখ করে প্রবাসী বাংলাদেশিদের বিভক্তি ভুলে ঐক্য বজায় রেখে কাজ করার কথা স্মরণ করিয়ে দেন।